## প্রচার ডায়েরি ১৭-০৪-২০১৪

**অরুণ জেটলি ,রাজ্যসভার বিরোধী দলনেতা**

### ক্ষতিকারক নয় , ভালো।

এএনআই কে দেওয়া এক সাক্ষাৎকারে বিজেপির প্রধানমন্ত্রী পদপ্রার্থী নরেন্দ্র মোদী একটা খুবই তাৎপর্যপূর্ন মন্তব্য করেছেন। তিনি বলেছেন, পরবর্তী সরকার ক্ষতিকারক নয়, বরং খুবই ইতিবাচক কর্মসূচি নেবে।

ভারত বদলাচ্ছে। মানুষ এখন খুবই অস্থিরমতি। আবার আকাশচুম্বী আশাও বাড়ছে মানুষের। জীবনযাত্রার মানের উন্নতি ঘটাতে চাইছেন প্রায় প্রত্যেকেই। ভাল শিক্ষা স্বাস্থ্য কর্মসংস্থান আবাসনের চাহিদা নতুন প্রজন্মের। তাই সংজ্ঞা বদল হয়েছে রাজনীতিরও।

এই পরিস্থিতিতে বিরোধী দলগুলোর মধ্যে শুধু রাজনৈতিক সংঘর্ষ নয়, একমাত্র কর্মদক্ষতার মাধ্যমেই মানুষের কাছে পৌছাতে হবে সরকারকে। আইন মানার দরকার নেই এরকম পরামর্শ দেওয়া উচিৎ নয়। যদি কেউ অপরাধ করে তাহলে নিরপেক্ষ এজেন্সিকে দিয়ে তার তদন্ত করা প্রয়োজন। এবং রাজনৈতিক প্রভাব মুক্ত হওয়া উচিৎ এই সব এজেন্সির। যদি ভবিষ্যৎ সরকার এটা নিশ্চিত করতে পারে তবে তা হবে একটা উল্লেখযোগ্য পদক্ষেপ।

### ভোটাররা "উল্লু" নয়।

আজ ১২১ লোকসভা আসনে ভোটগ্রহণ করা হচ্ছে। সারা ভারতের অর্ধেক ভোটাররা আজ ভোট দিচ্ছে। ট্রেন্ডটা কী ? থার্ড ফ্রন্ট ও ফেডারেল ফ্রন্ট দৌড়ই শুরু করতে পারেনি।কংগ্রেসও কয়েক কদম দুরে। সরকার গঠনের সুযোগ একমাত্র এনডিএর সামনে। ইউপিএর বিরুদ্ধে প্রতিষ্ঠান বিরোধীতা ছাড়াও গোটা দেশেই নরেন্দ্র মোদীর সপক্ষে হাওয়া উঠেছে। স্থায়ী সরকার কে দিতে পারে সেই ভাবনাও ভাবছেন মানুষ। এই প্রশ্নের উত্তরটাই বিজেপি নেতৃত্বাধীন এনডিএকে আরও এগিয়ে দেবে। মানুষ যে কংগ্রেসের উপর রেগে আছে তা বুঝতে হবে রাহুল গান্ধীকে। কংগ্রেসের পক্ষে ভোট দিয়ে নিজেদের উল্লু প্রতিপন্ন করবেনা তাঁরা। যথেষ্ট কারণ আছে বলেই কংগ্রেসের বিপক্ষে ভোট দেবেন তারা।রাহুল গান্ধী ক্ষুবধ ভোটারের বর্ননা দিতে যে চার অক্ষরের শব্দটি প্রয়োগ করেছেন তা তারা আদতেই নন।